

মমতাজ স্মৃতি পাঠাগার

MAMOTAJ SMRITI LIBRARY

মঙ্গলবার □ ১৬ ডিসেম্বর ২০২৫ □ ০১ আশ্বিন ১৪৩২ □ ২৪ জমাদিউস সানি ১৪৪৭ হিজরী

সবার পছন্দের ফুল কদম ফুটে ঢাকার ওয়াপদা কলোনীতে

আয়াতুল্লাহ আকতার ৯

বাংলা পঞ্জিকার হিসেবে আষাঢ়-শ্রাবণ বর্ষাকাল। আর এ বর্ষার আগমন বার্তাকে আরো আলোকিত এবং উজ্জীবিত করে কদম ফুল। সৃষ্টির অনিন্দ্যসুন্দর কদমফুল বাঙালির হৃদয়ে নতুন আলোড়ন বা শিহরণ জাগরিত করে। শিশু, কিশোর, যুবক, থেকে শুরু করে সকল পর্যায়ে মানুষ কদম ফুলকে ঝাণত জানায়। হাতে নিতে চায়। বর্ষার বা বৃষ্টির পানিতে গাছ, পালা, মাটি ও প্রাণী জগত উজ্জীবিত/ সজ্জীবিত হয়ে ওঠে। বন-বাগানে প্রাকৃতিকভাবে জন্মানো গুল্ম লতাসহ অন্যান্য গাছেও নতুন ফুল ও ফলের দেখা মেলে। কদমকাঠ গৃহ বা আসবাবপত্র তৈরিতে ব্যবহারে তেমন গুরুত্ব বা কদর পায় না। তবে একদা দিয়াশলাইয়ের কাঠি তৈরিতে অবলিলায় কদম কাঠ ব্যবহৃত হতো। ফলে অযত্ন আর অবহেলায় গ্রাম বাংলার রাস্তার পাশে, বন-বাগানে জন্ম নেয়া কদম গাছ নির্বিচারে নিধন হয়েছে। সময়ের বিবর্তনে প্রকৃতিপ্রেমী ও সচেতন এবং সৌখিন মানুষ অনেকে এখন কদম গাছকে খুবই কদর বা যত্ন নিয়ে রোপণ করে থাকেন।



তদ্রূপ যাত্রাবাড়ীর স্বাস্থ্যকর স্থান হিসেবে খ্যাত ওয়াপদা কলোনীতে

বেশ কয়েকটি কদম গাছ রয়েছে। প্রতি বর্ষা মৌসুমে কদম ফুল ফোটে। ওয়াপদা কলোনীতে স্বাস্থ্য সচেতন মানুষের আনা-গোনা দেখা যায় প্রভৃষে ও গোখুলিলে। প্রভাত ভ্রমণকারী হাজী মো. মনিরুজ্জামানের রয়েছে কদম ফুলের প্রতি অকৃত্রিম ভালোবাসা। তিনি লাঠি হাতে দাঁড়িয়ে আছেন যাত্রাবাড়ীর ওয়াপদা কলোনীর কদম তলায়। আষাঢ়-শ্রাবণের অবিরল ধারায় পত্রপল্লবে মুখরিত থাকে চারদিক। কদম এ সময়ের ফুল। কবির কদম ফুলকে বর্ষার দূত হিসেবে আখ্যায়িত করেছেন। জানা যায়, চীন দেশেই প্রথম কদম ফুলের অস্তিত্ব খুঁজ পাওয়া যায়। আমাদের বাংলা সাহিত্যে, কবিতায়, গানে, চিত্রে কদম ফুল বার বার এসেছে। কবির কদম ফুলকে ঘিরে অনেক গান কবিতা রচনা করেছেন। বিশ্বকবী রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত অনবদ্য কবিতার উদ্ধৃতিতে 'ধন্য কদম কেশব ঢেকেছে আজ বনতলে ধূলি, মৌমাছির কেয়া বনের পথ গিয়াছে ডুলি'। বর্ষার কদম নিয়ে জাতীয় কবি নজরুল ইসলামের নন্দিত লেখা-রিম্ ঝিম্ঝিম্ রিম্ ঝিম্ঝিম্ নামিল দেয়া দেখি, শিহরে কদম বিদরে কেয়া।

পশ্চিম যাত্রাবাড়ীর প্রবীণ ব্যক্তিত্ব সরদার নূরুদ্দিনের পরলোকগমণ

আয়াতুল্লাহ আকতার ৯

সমাজে শৃঙ্খলা, মূল্যবোধ ও আদর্শ প্রতিষ্ঠায় মুরব্বিরদের (বড়দের) ভূমিকা অপরিসীম। তারা শুধু আমাদের পূর্বসূরি নন; বরং অভিজ্ঞতার আলোকে পথ দেখানোর বাতিঘর। তাদের জীবন আমাদের জন্য দিকনির্দেশক, আর তাদের প্রতিটি কথা ও আচরণ জানের অফুরন্ত ভাণ্ডার। কিন্তু দুঃখজনকভাবে আধুনিক সময়ে অনেকেই মুরব্বিরদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে উদাসীন হয়ে পড়েছে। অথচ, একজন মুরব্বির উপদেশ, শাসন বা আচরণ শুধু তার ব্যক্তিগত মতামত নয়; বরং তা অভিজ্ঞতা ও প্রজ্ঞার সংমিশ্রণ। যা আমাদের জীবনে সঠিক পথের দিশা দিতে পারে। ৩ পৃষ্ঠায় দেখুন



সৈয়দ আখতার সিরাজী ৯

সকালের হাওয়া- লক্ষ টাকার ধাওয়া। ব্যায়াম বা শরীর চর্চার মাধ্যমে মানুষ তথা প্রাণীকুল পেয়ে থাকে সজ্জীবতা। শরীরিক ও মানসিক উৎকর্ষতা বৃদ্ধিতে প্রভাত ভ্রমণের বিকল্প নেই। পাশাপাশি প্রভাতের সূর্য আলোর সংমিশ্রণে শরীর ও মনে আনে সু-উচ্চ মন-মানসিকতা। সকালের রোদ শরীরের বিপাক ক্রিয়া বাড়াতে দারুণ কার্যকর। দেহকে সুস্থ রাখার পাশাপাশি ওজন নিয়ন্ত্রণ রাখতে সহায়তা করে বিপাক ক্রিয়া। মানবদেহে সেকোস্টেরয়েড গ্রুপের সবচেয়ে গুরুত্বপূর্ণ যৌগ ভিটামিন ডি৩ ও ভিটামিন ডি২। গুরুত্বপূর্ণ এ ভিটামিন পাওয়া যায় খাবার থেকে। প্রাকৃতিক ভিটামিন ডির বড় উৎস সূর্যের আলো ও বাতাস। সকালের রোদ থেকে যে ভিটামিন ডি আসে, সেটি শরীরের জন্য একান্ত জরুরী ও উপকারী। এর বাইরেও শীতকালে সকালের রোদ পোহানোর আরও কিছু সুবিধা আছে। সকালের রোদ শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। আগেই বলেছি, সকালে রোদ পোহালে দেহে প্রচুর পরিমাণে ভিটামিন ডি তৈরি হয়। প্রতিদিন প্রভৃষে ফজরের নামাজের পরে সূর্য উঠে। অথচ তার মুখ আমরা ক'জনই বা দেখি। ৩ পৃষ্ঠায় দেখুন



১৬ ডিসেম্বর
মহান বিজয় দিবস ২০২৫

বিজয়ের মহিমাযিত্ত প্রথরে
লাল-সবুজের গৌরবময় চেতনায় সকলকে জানাই
আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন

রূপালী ব্যাংক লিমিটেড
RUPALI BANK PLC
www.rupalibank.com.bd

মমতাজ স্মৃতি পাঠাগার



পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার নাজিরপুরের মিনি স্টেডিয়াম মাঠে মহান স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে অতিথিদের গ্যলারিতে বসে আছেন নাজিরপুর উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার সাজিয়া শাহানা জামা। এ ছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী ভূমি কমিশনার, নাজিরপুর থানার অফিসার ইনচার্জ হারুন আর রশিদ-সহ সকল রাজনৈতিক ও সকল উপজেলার অফিস প্রধানগণ, সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণ এবং উপজেলার বীর মুক্তিযোদ্ধাগণ।
সূত্র: ইন্টারনেট

শিশুরাই পাঠাগারের প্রাণ শক্তি

মমতাজ স্মৃতি পাঠাগার
MAMOTAJ SRITY LIBRARY
পোঃ বৈঠাকাটা বাজার/উপজেলা ৪ নাজিরপুর/পিরোজপুর।
মোবঃ ০১৫৫২-৩১৯৪১১, ০১৭৯২-১৭৭০৪৭, E-mail: ayatullah12@yahoo.com

শিশু-পাঠকদের সরব উপস্থিতি

অসংখ্যবার কারাবরণকারী জিয়ার সৈনিক নবীউল্লাহ নবী ভাইয়ের পক্ষ
থেকে দেশের সবাইকে ১৬ ডিসেম্বর ২০২৫ শুভেচ্ছা

পরিষ্কার-পরিচ্ছন্ন ঢাকা গড়তে
পরিবেশ রক্ষায় এগিয়ে আসুন

এখানে বিবাহ, জন্মদিন ওয়াজ মাহফিলসহ যে
কোনো ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে সকল প্রকার
ডেকোরেটর সামগ্রী সুলভে ভাড়া দেওয়া হয়।

স্বত্বাধিকারী : শফিকুল ইসলাম নিলু

বধূয়া ডেকোরেটর

১২২ শহীদ ফারুক সড়ক, ঢাকা-১২০৪